**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন**

টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
ফ্যাক্স :+৮৮-০২-৫৫০১৩৫১৮, ওয়েবসাইট :www.berc.org.bd

নির্বাহী পরিচালক (আইসিটি ও প্রকিউরমেন্ট) এর দপ্তর
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ
ডাইরী নং- ৫৭৭
তাং- ২০/১০/২২

নং-২৮.০১.০০০০.০১২.০২.০০১.২২.৪৩৮৩ তারিখ: ১৩ অক্টোবর ২০২২ খ্রি.।

বিষয়: **বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণের প্রস্তাব/আবেদন সম্পর্কিত আদেশ।**

সূত্র: বাবিউবো এর স্মারক নম্বর: ২৭.১১.০০০০.১০১.১৪.০০১.২২.২১০; তারিখ: ১২ জানুয়ারি ২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণের প্রস্তাব/আবেদন সম্পর্কিত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৯; তারিখ: ১৩ অক্টোবর ২০২২) এবং বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

০২। বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ) প্রবিধানমালা, ২০০৮ এর প্রবিধান ১৬ অনুযায়ী প্রয়োজনীয় প্রচারের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণের প্রস্তাব/আবেদন সম্পর্কিত আদেশ (০৫ পৃষ্ঠা)।
২। বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি (০১ পৃষ্ঠা)।

ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
প্রাপ্তি নং: ৪৩২৬
তারিখ: ২৩/১০/২০২২

| | | | |
|---|---|---|---|
| ☐ ED (Ad. & HR) | ☐ Comp. Sec. | ☐ CE (Dev.) | ☐ D (G2G) |
| ☐ ED (T) Eng. | ☐ GM (HR) | ☐ CE (P&D) | ☐ DGM (E&T) |
| ☐ ED (T) Opa. | ☐ GM (ICT,E.& M.) | ☐ CE (Grid) | ☐ SE (Training) |
| ☐ ED (Fin) | ☐ GM (Audit) | ☐ CE (P&S) | ☐ PD-1 |
| ☐ ED (ICT & Pro.) | ☐ GM (Fin) | ☐ CE (SCADA) | ☐ PD-2 |
| | ☐ CCO to MD | ☐ CE (N/S/C) | ☐ ..... |

SE. Tariff
28.10.2022
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ
Manager, I-T

ব্যারিস্টার মো: খলিলুর রহমান খান
সচিব, বিইআরসি।
ফোন: ০২-৫৫০১৪০০৭
ই-মেইল: secy@berc.org.bd

চেয়ারম্যান
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো)
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।

নং-২৮.০১.০০০০.০১২.০২.০০১.২২.৪৩৮৩ তারিখ: ১৩ অক্টোবর ২০২২ খ্রি.।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১ (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
৪। ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি), পিজিসিবি বিল্ডিং, জহরুল ইসলাম সিটি, এভিনিউ-৩, আফতাবনগর, বাড্ডা, ঢাকা-১২১২।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি), বিদ্যুৎ ভবন (৩য় তলা), ১ নং আব্দুল গণি রোড, ঢাকা -১০০০।
৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো), বাড়ি নং-২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
৭। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
৮। ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড (নেসকো), বিদ্যুৎ ভবন, হেতমখান, রাজশাহী।
৯। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩/১০/২০২২

ব্যারিস্টার মো: খলিলুর রহমান খান
সচিব, বিইআরসি।

# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

## বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণের প্রস্তাব/আবেদন সম্পর্কিত আদেশ।

বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৯

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/১৩ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ।


বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা)
১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
www.berc.org.bd

# সূচিপত্র


| অনুচ্ছেদ | বিষয়াবলী | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | পটভূমি | ১ |
| ২ | কমিশনের পর্যালোচনা ও বিশ্লেষণ | ১-২ |
| ৩ | কমিশনের আদেশ | ২-৩ |

## বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণের প্রস্তাব/আবেদন সম্পর্কিত আদেশ।

**বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৯**

**তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/১৩ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ।**

**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) অনুযায়ী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) কর্তৃক ১২ জানুয়ারি ২০২২ তারিখে দাখিলকৃত বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণের প্রস্তাব/আবেদনের বিষয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) এবং ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ) প্রবিধানমালা, ২০০৮ অনুসারে আগ্রহী পক্ষগণকে শুনানি প্রদানপূর্বক ও প্রাপ্ত সকল তথ্যাদি বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে অদ্য ২৮ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ / ১৩ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখে এ আদেশ প্রদান করা হলো।**

### ১.০ পটভূমি:

১.১ বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণের জন্য বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) কর্তৃক ১২ জানুয়ারি ২০২২ তারিখে কমিশনে দাখিলকৃত প্রস্তাব/আবেদনটি বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ) প্রবিধানমালা, ২০০৮ অনুযায়ী কমিশন কর্তৃক গ্রহণ, কমিশন কর্তৃক গঠিত কারিগরি মূল্যায়ন টিম দ্বারা মূল্যায়ন, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) এবং বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ১২ অনুযায়ী আগ্রহী পক্ষগণকে শুনানি প্রদান এবং উক্ত প্রবিধানমালা অনুযায়ী শুনানি ও শুনানি-উত্তর প্রাপ্ত মতামত কমিশন কর্তৃক পর্যালোচনা ও বিশ্লেষণসহ আইন ও প্রবিধান অনুযায়ী কার্যক্রম গ্রহণ ও সম্পন্ন করা হয়।

### ২.০ কমিশনের পর্যালোচনা ও বিশ্লেষণ:

২.১ বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণের জন্য বাবিউবো কমিশনে প্রস্তাব/আবেদন করলেও বাবিউবোসহ অন্য কোনো বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী হতে খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনঃনির্ধারণের কোনো আবেদন না পাওয়ায় বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণ হলে ভোক্তাপর্যায়ে খুচরা বিদ্যুৎ মূল্যহার এর প্রভাব পর্যালোচনা করা যায়নি। উল্লেখ্য, কমিশনের ১৭ মে ২০২২ তারিখের ২৮.০১.০০০০.০১২.০২.০০১.২২.১৮৯৭ নম্বর স্মারক দ্বারা এতদ্‌সংক্রান্ত বিষয়ে সচিব, বিদ্যুৎ বিভাগ বরাবর কমিশন কর্তৃক একটি পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রে খুচরা মূল্যহার পুনঃনির্ধারণ ব্যতীত পাইকারি মূল্যহারের কার্যকর বাস্তবায়নে জটিলতা সৃষ্টি হতে পারে, এমনকি পাইকারি মূল্যহার বাস্তবায়ন ও কার্যকর করা সম্ভব নাও হতে পারে মর্মে উল্লেখ করা হয়। উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি। এমনকি বাবিউবো এর আবেদনে এবং শুনানিতে পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণের অনিবার্য প্রভাব, বিতরণ এবং ভোক্তাপর্যায়ে কিভাবে নিরসন করা হবে সে বিষয়ে সুস্পষ্ট বক্তব্যও পাওয়া যায়নি। অধিকন্তু data ambiguities এর কারণে তথ্য উপাত্ত যথাযথভাবে বিশ্লেষণ করা যায়নি।

২.২ বিদ্যুতের বৃহৎ ক্রেতা হিসেবে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) ছাড়াও অন্যান্য বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী ইন্ডিপেন্ডেন্ট পাওয়ার প্রডিউসার (আইপিপি), ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট (সিপিপি), কমার্শিয়াল পাওয়ার প্ল্যান্ট (সিওপিপি) এবং নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র থেকে সরাসরি উহার বিতরণ সিস্টেমে বিদ্যুৎ ক্রয় করে থাকে। এসকল বিদ্যুৎ ক্রয়ের তথ্য বাবিউবো বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণের প্রস্তাব/আবেদনে, শুনানিতে বা শুনানি-উত্তর মতামতে কমিশনের নিকট উপস্থাপিত হয়নি। বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীভিত্তিক বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণে বাবিউবো ছাড়াও অন্যান্য বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ কর্তৃক বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্র থেকে সরাসরি বিদ্যুৎ ক্রয়ের তথ্য প্রয়োজন।

২.৩ বাবিউবো এর বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণের প্রস্তাব/আবেদন, দাখিলকৃত দলিলাদি, আগ্রহী পক্ষগণের শুনানি ও শুনানি-উত্তর মতামত এবং অন্যান্য সমূহবিষয় বিবেচনায় বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণ করা সঙ্গত হবে না বলে কমিশনের নিকট প্রতীয়মান।

২.৪ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ) প্রবিধানমালা, ২০০৮ এর প্রবিধান ১৪ (৩) অনুযায়ী কোনো পক্ষ কমিশনের সিদ্ধান্ত বা আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে কমিশনের নিকট জারীকৃত সিদ্ধান্ত বা আদেশ পুনর্বিবেচনার জন্য আবেদন করতে পারবে।

৩.০ **কমিশনের আদেশ:**

সমূহবিষয় বিশদ পর্যালোচনা, পরীক্ষা-নিরীক্ষা ও বিশ্লেষণান্তে কমিশনের আদেশ হচ্ছে যে:-

৩.১ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর ১২ জানুয়ারি ২০২২ তারিখের বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণের প্রস্তাব/আবেদন মতে বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণ করা হলো না।

৩.২ কমিশন কর্তৃক ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২০/০২ এবং উক্ত আদেশ অনুযায়ী কমিশন কর্তৃক ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জারীকৃত বিজ্ঞপ্তি নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫০ এর মাধ্যমে পুনঃনির্ধারিত বিদ্যমান বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার অপরিবর্তিত থাকবে।

৩.৩ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ) প্রবিধানমালা, ২০০৮ এর প্রবিধান ১৪ (৩) অনুযায়ী কোনো পক্ষ কমিশনের উক্ত আদেশ বা সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে কমিশনের নিকট আবেদন দাখিল করতে পারবে।

৩.৪ পুনরাদেশ না দেওয়া পর্যন্ত কমিশনের এ আদেশ বলবৎ থাকবে।

(মোঃ কামরুজ্জামান)
সদস্য

(মোহাম্মদ বজলুর রহমান)
সদস্য

(মোঃ মকবুল-ই-ইলাহী চৌধুরী)
সদস্য

(মোহাম্মদ আবু ফারুক)
সদস্য

(মোঃ আব্দুল জলিল)
চেয়ারম্যান

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.০২.০০১.২২.৪৩৮১

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

## বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত যথাক্রমে দায়িত্ব ও ক্ষমতাবলে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণের প্রস্তাব/আবেদনের বিষয়ে লাইসেন্সী এবং আগ্রহী পক্ষগণকে শুনানি প্রদানপূর্বক সমূহবিষয় পর্যালোচনা ও বিশ্লেষণান্তে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর ১২ জানুয়ারি ২০২২ তারিখের বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণের প্রস্তাব/আবেদন মতে বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনঃনির্ধারণ করা হলো না।

২। কমিশন কর্তৃক ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২০/০২ এবং উক্ত আদেশ অনুযায়ী কমিশন কর্তৃক ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জারীকৃত বিজ্ঞপ্তি নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫০ এর মাধ্যমে পুনঃনির্ধারিত বিদ্যমান বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার অপরিবর্তিত থাকবে।

৩। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ) প্রবিধানমালা, ২০০৮ এর প্রবিধান ১৪ (৩) অনুযায়ী কোনো পক্ষ কমিশনের উক্ত আদেশ বা সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে কমিশনের নিকট আবেদন দাখিল করতে পারবে।

৪। পুনরাদেশ না দেওয়া পর্যন্ত কমিশনের এ আদেশ বলবৎ থাকবে।

কমিশনের সিদ্ধান্তক্রমে,

১৩/১০/২০২২

ব্যারিস্টার মো: খলিলুর রহমান খান
সচিব, বিইআরসি।